



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৭ জুন ২০২৪

প্রেস বিজ্ঞপ্তি

বাঘাইছড়ির বাঘাইহাটে সুষ্ঠু নির্বাচনের দাবিতে সড়ক অবরোধের ডাক

রাঙামাটি জেলার বাঘাইছড়ি উপজেলায় ঠ্যাঙাড়ে সন্ত্রাসী কর্তৃক নির্বাচনী এজেন্টদের হুমকি প্রদান ও নির্বাচনে অবৈধ প্রভাব খাটানোর জন্য ঠ্যাঙাড়েদের বাঘাইহাটে সশস্ত্রভাবে অবস্থানের প্রতিবাদে এবং বাঘাইহাট থেকে তাদেরকে গ্রেফতারসহ সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচনের দাবিতে আগামীকাল শনিবার (৮ জুন ২০২৪) সড়ক অবরোধের ডাক দেয়া হয়েছে।

মাজলং নির্বাচন পরিচালনা কমিটি আজ ৭ জুন ২০২৪ সন্ধ্যায় এই অবরোধের ডাক দেয়। ইউপিডিএফ বাঘাইহাট ইউনিট এতে পূর্ণ সমর্থন জানিয়েছে।

মাজলং নির্বাচন পরিচালনা কমিটির সদস্য সচিব বিপুল চাকমা (ফোন: ০১৮৬১৭৩৩৯২৬) জানান, আজ দুপুর ১:৩০টারে দিকে তিনটি বড় মাইক্রোবাসে করে ৫০ জনের মতো ঠ্যাঙাড়ে সন্ত্রাসী বাঘাইহাটে যায়। তারা এখন কেপিএম-এর পরিত্যক্ত অফিসে সশস্ত্রভাবে অবস্থান করছে। এছাড়া কয়েকদিন আগে থেকে তারা চেয়ারম্যান পদপ্রার্থী অলিভ চাকমা ও মহিলা ভাইস চেয়ারম্যান প্রার্থী সুমিতা চাকমার নির্বাচনী এজেন্টদের হুমকি দিয়ে আসছে।

তিনি বলেন ঠ্যাঙাড়ে সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা না হলে নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ হবে না। তাই প্রশাসনকে অবশ্যই তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বার্তা প্রেরক

সচল চাকমা

প্রধান সংগঠক

ইউপিডিএফ রাঙামাটি ইউনিট